# উপজেলা পরিষদ

বামনা, বরগুনা।

বিষয় : মে, ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
সভা নম্বর : ৩২
সভাপতি : মোঃ সাইতুল ইসলাম লিটু, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বামনা
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বামনা।
তারিখ : ১৯-০৫-২০২২ খ্রি.সময়: সকাল ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক"এবং "খ"।

অদ্যকার সভায় জনাব শওকত হাচানুর রহমান রিমন, মাননীয় সংসদ সদস্য ১১০ বরগুনা-২ ও মুখ্য উপদেষ্টা, বামনা উপজেলা পরিষদ, বামনা, বরগুনা উপস্থিত থাকায় তাকে ধন্যবাদ জানিয়ে তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। অতঃপর মুখ্য উপদেষ্টা মহোদয়ের সদয় সম্মতিক্রমে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় বিগত সভার (এপ্রিল-২০২২) কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এছাড়া কোন নীতি নির্ধারণী সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন বা পরিবর্তন না থাকায় সকলের সম্মতিক্রমে উহা অনুমোদন ও দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী অংশ গ্রহণমূলক আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | বিভাগ | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা পরিষদ | **১। সভায় উপজেলা নির্বাহী অফিসার, বামনা জানান যে,** আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ভূমিহীন ও গৃহহীনদের জন্য ব্যক্তি উদ্যোগে ০৪টিসহ মোট ১৭১ টি গৃহ নির্মিত/নির্মাণাধীন রয়েছে। ১ম ও ২য় পর্যায়ে নির্মিত ৫৭টি গৃহ উপকারভোগীদের নিকট হস্তান্তর করা হয়েছে। এছাড়া ৩য় পর্যায়ে রামনা ও ডৌয়াতলা ইউনিয়নের সংযোগ পয়েন্টে (ফুলঝুড়ি খেয়াঘাটের সন্নিকটে) নব নির্মিত ৬৪টি গৃহস অবিলম্বে হস্তান্তর করা প্রয়োজন। এজন্য মাননীয় সংসদ সদস্যের সানুগ্রহ উপস্থিতিতে উপকারভোগীদের নিকট নির্মিত গৃহের চাবি হাস্তান্তরের সদয় সম্মতি জ্ঞাপন জানালে সভায় একমত পোষণ করা হয়।<br>সভায় উল্লেখ করা হয় যে, বামনা উপজেলাকে ভূমিহীনমুক্ত ঘোষণার লক্ষে ইতোমধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের নিকট নির্ধারিত ছকে ভূমিহীন ও গৃহহীনদের হালনাগাদ তালিকা প্রেরণের জন্য তাগিদপত্র প্রদান করা হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন তালিকা পাওয়া যায় নি।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বামনা উল্লেখ করেন যে, বামনা উপজেলার খাস জমির অপ্রতুলতার কারণে গৃহ নির্মাণ করা কষ্টসাধ্য হয়েছে। তারপরও যদি ভূমিহীন ও গৃহহীন থাকে তাহলে সরকার প্রয়োজনবোধে জমি ক্রয়করতঃ গৃহ নির্মাণের পদক্ষেপ নিয়েছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে ভূমিহীন ও গৃহহীনদের হালনাগাদ তালিকা পাওয়া না গেলে সরকারি নির্দেশনা মতে অবিলম্বে বামনা উপজেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষণা করার পদক্ষেপ নেয়া যেতে পারে। | ক) আশ্রয়ন-২ প্রকল্পের আওতায় ৩য় পর্যায়ে রামনা ও ডৌয়াতলা ইউনিয়নের সংযোগস্থলে নির্মিত গৃহসমূহে অবিলম্বে উপকারভোগীদের নিকট হস্তান্তর নিশ্চিত করতে হবে:<br>খ) বামনা উপজেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত করার লক্ষ্যে নির্ধারিত ছকে হালনাগাদ তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে পুনরায় তাগিদ প্রদান করতে হবে; এবং<br>গ) বামনা উপজেলার খাস জমির অপ্রতুলতার কারণে এবং ভূমিহীন ও গৃহহীনদের আবেদন অধিক না হওয়ায় ৪টি ইউনিয়নের জন্য ৭০/৮০টি ঘরের প্রস্তাবকরতঃ উপজেলাকে ভূমিহীন ও গৃহহীনমুক্ত করার পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকৌশলী |
| | | **২। সভায় উপজেলা নির্বাহী অফিসার, বামনা জানান যে,** মহান স্বাধীনতা যুদ্ধের অবদান স্মরণীয় করে রাখার উদ্দেশ্যে স্বাধীনতা দিবস ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী-২০২২ উদযাপনের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাদের প্রস্তাবের প্রেক্ষিতে "পুরাতন বামনা থেকে সাহেব বাড়ি বাজার গোলচত্ত্বর হয়ে উপজেলা পরিষদ মোড়"-কে মরহুম আসমত আলী সিকদার এর নামে নামকরণের প্রস্তাবে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) "পুরাতন বামনা থেকে সাহেব বাড়ি বাজার গোলচত্ত্বর হয়ে উপজেলা পরিষদ মোড়"-কে বীরমুক্তিযোদ্ধা মরহুম আসমত আলী সিকদার এর নামে নামকরণের প্রস্তাব অনুমোদনের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৩। **সভায় উপজেলা নির্বাহী অফিসার,** উল্লেখ করেন যে, হাট-বাজার উন্নয়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের ০৫ (পাঁচ) বছরের বকেয়া টাকার অনুকূলে প্রদত্ত সিলিং মোতাবেক সংশোধিত প্রকল্প প্রস্তাব/স্কীম প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের নিকট অনুরোধ জানানো হয়েছে। এছাড়া হাট-বাজারের অনুকূলে দাখিলকৃত দরপত্রদাতাদের মধ্যে কয়েকজন জামানতের অর্থ ফেরতের আবেদন করেছেন, যা বিবেচনাযোগ্য। এমতাবস্থায়, বিধি মোতাবেক জামানত ফেরৎ প্রদানের প্রস্তাবে সভা একমত পোষণ করা হয়। | ক) বামনা উপজেলায় দাখিলকৃত দরপত্রদাতাদের অনুকূলে জমাকৃত জামানত বিধি মোতাবেক ফেরৎ প্রদানের কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | |
| | | ৪। সভায় উল্লেখ করা হয় যে, উপজেলা পরিষদের সামনের দিকে আলোকিত থাকলেও বিআরডিবি অফিস, চেয়ারম্যান মহোদয়ের বাসভবন এলাকাসহ উপজেলা পরিষদ চত্তর অন্ধকারাচ্ছন্ন থাকে। ফলে একাদিক চুরি, নেশা গ্রহণের মতো পরিবেশ সৃষ্টি হয়, তেমনি নিরাপত্তাহীনতা বিরাজ করে। এমতাস্থায়, উপজেলা নির্বাহী অফিসার উল্লেখ করেন যে, ইতোমধ্যে পরিষদের সামনে ৪টি ১০০ ওয়াটের (প্রতিটি ২১০০ টাকা মূল্যমানের) চেয়ারম্যান মহোদয়ের বাসভবন এলাকায় ১টি করে ২০০ ওয়াটের (প্রতিটি ৪২০০ টাকা মূল্যমানের) হ্যালোজেন লাইটসহ ৫ কয়েল উন্নতমানের তার এবং ইলেক্ট্রিক্যাল মিস্ত্রীর মজুরী বাবদ ২৫,০০০/- টাকার প্রাক্কলন পাওয়া গিয়েছে, যা বিধি মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | ক) উপজেলা পরিষদ চত্বরে নিরাপত্তার লক্ষে অন্ধকারাচ্ছন্ন স্থানসমূহে হ্যালোজেন লাইট স্থাপনের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | ৫। সভায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ উল্লেখ করেন যে, ইউনিয়ন পরিষদের প্রাপ্য ১% অর্থ উন্নয়নমূলক কাজে ব্যয়ের বিধান থাকলেও প্রায় ১০ বছর যাবৎ উক্ত অর্থ পাওয়া যায় নি। প্রাসংগিক আলোচনায় সভাপতি উল্লেখ করেন যে, এ অর্থ দ্বারা ইউনিয়ন পরিষদের সচিব ও মহোল্লাদারদের বেতন ভাতাদি পরিশোধ করা হয়ে থাকে যা সরাসরি অনলাইনের মাধ্যমে সংশ্লিষ্ট হিসাবে জমা হয়ে থাক। উক্ত হিসাব হতে উপজেলা পরিষদ কোন ভিন্ন উদ্দেশ্যে অর্থ ব্যয় করে নি। এমতাবস্থায়, সভায় বিস্তারিত আলোচনান্তে সভায় নির্ধারিত ব্যাংক হিসারের স্টেটমেন্ট উত্তোলনের পর যাচাই-বাছাইসহকারে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | | |
| | | ৬। সভায় বামনা সাহেব বাড়ি বাজার সম্প্রসারণের বিষয়ে উল্লেখ করা হয় যে, সরকারি সারওয়ারজান বিদ্যালয়ের পিছনের পরিত্যক্ত ডোবাটি ভরাটের জন্য মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত বরাদ্দ দ্বারা আংশিক ভরাট করা হয়েছে। আরও ২/৩টি স্কীম গ্রহণের মাধ্যমে ভরাট কার্যক্রম সম্পূর্ণ করা সম্ভব হবে। ফলে সাহেব বাড়ি বাজারের সব্জি, ফলমূল, কাঁচাবাজার ও মাছ বাজার অস্থায়ীভাবে স্থানান্তর করা হলে বাজার সম্প্রসারিত হবে এবং ফুটপাথ চলাচলের উপযোগী হবে। এমতাবস্থায়, সভায় মাননীয় সংসদ সদস্য মূখ্য উপদেষ্টা পরিত্যক্ত ডোবাটি সম্পূর্ণ ভরাটের জন্য প্রয়োজনবোধে আলোচনাসাপেক্ষে অন্য ইউনিয়নের বরাদ্দ সমন্বয়করতঃ সম্পূর্ণরূপে ডোবাটি ভরাটের মাধ্যমে বাজার সম্প্রসারণের আশ্বাস প্রদান করলে সভায় সর্বসম্মতিক্রমে একমত পোষণ করা হয়। | মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত অর্থআনুকূল্যে প্রাপ্তির লক্ষ্যে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষাসহ অবিলম্বে ডোবা ভরাটের মাধ্যমে সাহিব বাড়ি বাজার সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৭। সভায় সভাপতি জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা শহর (নন্-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ওমৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প পরিপত্রের আলোকে নিম্নোক্ত প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>ক) উপজেলা পরিষদের সামনে ৮০০ মিটার ড্রেন নির্মাণ<br>খ) বামনা ইউনিয়নের পূর্ব সফিপুর আবুল হোসেন সিকদার বাড়ির সামনে বক্স কালভার্ট নির্মাণ<br>গ) উপজেলা পরিষদের নিচতলায় পাকিং টাইলস ও ১৬ ফুট চওড়া আবাসিক ভবনের রাস্তা নির্মাণ<br>ঘ) বামনা উপজেলা সংলগ্ন মাছ বাজারে কাঁচা বাজার নির্মাণ<br>ঙ) বামনা উপজেলা সংলগ্ন কাঁচা বাজারের পাশে পাবলিক টয়লেট, সদর মসজিদের উত্তর পাশে পাবলিক টয়লেট ও সাবরেজিস্ট্রার অফিসের সম্মুখে পাবলিক টয়লেট নির্মাণ।<br>৮। **সভায় উপজেলা নির্বাহী অফিসার**, উল্লেখ করেন যে, বামনা সদর ইউনিয়ন পরিষদের ০৪নং ওয়ারর্ড এর মহল্লাদার পদোন্নতি পেয়ে দফাদার হওয়ায় উক্ত পদটি শূন্য হয়েছে। উক্ত শূন্য পদে নিয়োগের জন্য এখন পর্যন্ত ইউনিয়ন পরিষদ থেকে কোন চাহিদাপত্র পাওয়া যায়নি। এছাড়া অন্য ০৩টি ইউনিয়ন পরিষদ হতে শূন্য পদের বিপরীতে চাহিদাপত্র পাওয়া গিয়েছে। বামনা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে চাহিদাপত্র প্রদানের জন্য দৃষ্টি আকর্ষণ করেন। | ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা শহর (নন্-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ওমৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলোর প্রাক্কলন যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) শূন্য পদে নিয়োগের জন্য বামনা সদর ইউনিয়ন পরিষদ চাহিদাপত্র প্রদান নিশ্চিত করতে হবে; এবং<br>খ) চাহিদাপত্র প্রাপ্তির পর বিধি মোতাবেক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ০৪টি টি ইউনিয়নে শূন্য পদে গ্রাম পুলিশ নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০২. | উপজেলা প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী উল্লেখ করেন যে, ১১/০৫/২০২২খ্রি. তারিখে বামনায় যোগদান করার পরই নির্মাণাধীন স্কুল, রাস্তা ও ব্রীজসমূহ পরিদর্শন করেছি এবং পরিলক্ষিত ত্রুটিসমূহ সংশোধনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া ইউনিয়ন পরিষদসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের Work Order প্রদান করা হয়েছে। তিনি কাজের গুণগতমান অক্ষুন্ন রেখে নির্ধারিত সময়ের মধ্যে কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। | ইউনিয়ন প্রতিষ্ঠানসমূহ কাজের গুণগতমান অক্ষুন্ন রেখে সংশ্লিষ্ট ঠিকাদেরর নিকট হতে মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করবে। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকৌশলী |
| ০৩. | **চেয়ারম্যান, ১নং বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, বুকাবুনিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী আশ্রয়ন-২ প্রকল্পের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে গৃহ প্রদান, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ভিজিডি, ভিজিএফ, বয়স্কভাতা, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ নানা বিধ ভাতা প্রদান করছেন। ফলে দরিদ্র জনগোষ্ঠী উপকৃত হচ্ছে। তবে গ্রামীণ পর্যায়ে স্বাস্থ্য সেবা প্রদানের ক্ষেত্রে কমিউনিটি ক্লিনিকসমূহে কারিগরি সহায়তা বৃদ্ধির সেবাকে আরও জনমূখী করতে হবে। এজন্য স্বাস্থ্য বিভাগ ও পরিবার পরিকল্পনা বিভাগকে সমন্বিতভাবে উদ্যোগ নেওয়া প্রয়োজন। এ বিষয়ে তিনি মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে সরকারের সুদৃষ্টি কামনা করেন।<br>প্রাসংগিক আলোচনায় তিনি আরও উল্লেখ করেন যে, প্রায় ১০ বছর যাবৎ ইউনিয়ন পরিষদের ১% অর্থ পাওয়া যাচ্ছে না বিধায় অনেক উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়িত হচ্ছে না বিষয়টি বিবেচনায় নিয়ে প্রয়োজনে ব্যাংক হিসাব যাচাই-বাছাইকরতঃ ইউনিয়ন পরিষদের অনুকূলে উন্নয়ন বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন। | ইউনিয়ন পরিষদের প্রাপ্য ১% অর্থ ব্যয়ের হিসাব বিবরণী খতিয়ে দেখে উন্নয়নমূলক কাজে বরাদ্দ প্রদানের বিষয়টি বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪. | চেয়ারম্যান, ২নং বামনা সদর ইউনিয়ন পরিষদ | সভায়, বামনা সদর ইউনিয়ন চেয়ারম্যান জানান যে, দীর্ঘ প্রায় ২ বছর পর শিক্ষা প্রতিষ্ঠান খোলা হলেও পর্যাপ্ত মনিটরিং এর অভাবে পূর্ণকালীন পাঠদান না করে শিক্ষকরা বিদ্যালয় ত্যাগ করেন বিষয়টির ওপর সুদৃষ্টি দেয়ার অনুরোধ করেন।<br>প্রাসংগিক আলোচনায় মাননীয় সংসদ সদস্যের প্রতি দৃষ্টি আকর্ষণ করে উল্লেখ করেন যে, অপেক্ষাকৃত অনগ্রসর কৃষি নির্ভর বামনা উপজেলা। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য সামাজিক নিরাপত্তা বেষ্টনী বিশেষ করে ভিজিডির পরিমাণ বাড়ানো উচিত। এজন্য ইউনিয়ন প্রতি নির্ধারিত ৬০৬টি পরিবারের পরিবর্তে নূন্যতম ১০০টি কার্ড বৃদ্ধির পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করেন। তিনি আরও উল্লেখ করেন যে ইউনিয়ন পরিষদ ট্যাক্সের অর্থায়নে পরিচালিত হয়। এজন্য উপজেলা পরিষদের সংশ্লিষ্ট দপ্তরকে ট্যাক্স পরিশোধ করার আহ্বান জানান। | ক) বিদ্যালয়ের পূর্ণকালীন পাঠদান কার্যক্রম তদারকি করার লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগ সকল প্রতিষ্ঠানকে পত্র দ্বারা অনুরোধ করার পাশাপাশি মনিটরিং জোরদার করবে;<br>খ) সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ইউনিয়ন ভিত্তিক ভিজিডির কার্ড সংখ্যা নূন্যতম ১০০ জন বৃদ্ধিকরতঃ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং<br>গ) উপজেলা পরিষদের সংশ্লিষ্ট সকল দপ্তর ইউনিয়ন পরিষদের পাওনাদি পরিশোধের ক্ষেত্রে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। এজন্য ইউনিয়ন পরিষদ সংশ্লিষ্ট দপ্তরকে বকেয়া অর্থ প্রদানের জন্য নির্ধারিত টাকার পরিমাণ উল্লেখকরতঃ পত্র প্রেরণ নিশ্চিত করবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার, বামনা।<br>২) উপজেলা প্রকৌশলী<br>৩) চেয়ারম্যান, বামনা সদর ইউনিয়ন পরিষদ |
| ০৫. | চেয়ারম্যান, ৩নং রামনা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩নং রামনা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, রামনা ইউনিয়নে একটি ভূমি অফিস না থাকায় সেবা প্রাপ্তির ক্ষেত্রে পার্শ্ববর্তী ডৌয়াতলা ইউনিয়নে যেতে হয়। এজন্য পরিদর্শনকৃত ১২ শতাংশ জায়গা যাচাই-বাছাই করতঃ পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।<br>তিনি আরও উল্লেখ করেন যে, গোলাঘাটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চলাচলের পাকাপুলের রাস্তা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। প্রতিনিয়ত দূর্ঘটনা সংঘঠিত হচ্ছে বিধায় জরুরী ভিত্তিতে নূন্যতম ১৫০ ফুট জায়গা মেরামতের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | ক) রামনা ইউনিয়নে ইউনিয়ন ভূমি অফিস নির্মাণের উপযোগীতা যাচাইয়ের জন্য অবিলম্বে সরেজমিন পরদর্শন নিশ্চিত করতে হবে; এবং<br>খ) গোলাঘাটা সরকারি বিদ্যালয় সংলগ্ন পাকাপুলের অত্যন্ত ঝুঁকিপূর্ণ ১৫০ ফুট রাস্তা সরেজমিন যাচাইপূর্বক প্রয়োজনীয় সংস্কর/মেরামতের জন্য উপজেলা প্রকৌশল বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ নিশ্চিত করবে। | ১)চেয়ারম্যান, রামনা ইউনিয়ন পরিষদ<br>২) সহকারী কমিশনার (ভূমি) এর প্রতিনিধি কানুনগো ও সার্ভেয়ার, বামনা |
| ০৬. | চেয়ারম্যান, ৪নং ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ | ৪নং ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান যে, ডৌয়াতলা ইউনিয়নে ০১টি স্বাস্থ্য কেন্দ্র ও ০২টি কমিউনিটি ক্লিনিক রয়েছে। এ প্রতিষ্ঠানসমূহ অনেক ক্ষেত্রে ১০:০০ টায় খুলে যদি ১২:০০ ঘটিকার মধ্যেই বন্ধ হয়ে যায়। ফলে জনগণ কাঙ্খিত মাত্রায় সেবা পায়না। এ বিষয়টি নজর দেওয়ার জন্য সংশ্লিষ্ট বিভাগের প্রতি সুদৃষ্টি দেওয়ার আহ্বান জানান।<br>প্রসংগত তিনি আরও উল্লেখ করেন যে, ডৌয়াতলা ইউনিয়নে ১৭টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ০৩টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সংকট রয়েছে। এমনকি ০১টি প্রাথমিক বিদ্যালয়ে ১ জন শিক্ষক দিয়ে পরিচালিত হয়। এজন্য শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে বিধায় অবিলম্বে যেসকল শিক্ষা প্রতিষ্ঠানে ৪/৫ জন শিক্ষক রয়েছে সে সকল বিদ্যালয় হতে ২/১ জন শিক্ষককে বদলী/পদায়নের মাধ্যমে সমন্বয় সাধান করার বিষয়টি যথাযথ কর্তৃপক্ষ বিবেচনা করতে পারে।<br>তিনি আরও উল্লেখ করেন যে, সরকারি পরিপত্র অনুযায়ী বন বিভাগের নিলামকৃত গাছের লভ্যাংশ হিসেবে ইউনিয়ন পরিষদ ৫% অর্থ প্রাপ্তির দাবীদার। কিন্তু ডৌয়াতলা ইউনিয়নের ঠুডাখালী এলাকার প্রায় ০২ বছর পূর্বে গাছের টেন্ডার হলেও অদ্যাবধি বৃক্ষ রোপনকারী সাধারণ মানুষ সেই লভ্যাংশ বুঝে পায় নি বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা | ক) ডৌয়াতলা ইউনিয়নের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সমন্বিতভাবে প্রয়োজনে রোস্টারভিত্তিক দায়িত্ব বন্টনের মাধ্যমে পূর্ণকালীন অফিস খোলা রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করবে;<br>খ) ডৌয়াতলা ইউনিয়নের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রয়োজনে শিক্ষক বদলী/পদায়নের মাধ্যমে সমন্বয়ের কার্যক্রম বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং<br>গ) ঠুডাখালী এলাকার নিলামকৃত/টেন্ডারকৃত গাছের লভ্যাংশ বিধি অনুযায়ী পরিশোধের বিষয়টি খতিয়ে | চেয়ারম্যান, ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নেওয়ার জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফপিসি বন এর দৃষ্টি আকর্ষণ করেন। | দেখে বন বিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করবে। | |
| ০৭. | উপজেলা স্বাস্থ্যও পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তার জানান যে, কোভিড-১৯ এর ভ্যাকসিন ৭১% অর্জন করতে পেরেছি। বুস্টার ডোজের ক্যাম্পিং এর মাধ্যমে ৭০% নিয়ে আসতে পেরেছি। আমাদের জরুরী বিভাগ খুবই ছোট। জরুরী বিভাগের পাশে একটি ওয়াশরুম আছে এটি ভেঙ্গে জরুরী বিভাগটি বড় করা প্রয়োজন। হাসপাতালে সবসময়ই ডাক্তার থাকে। হাসপাতালে এখন১৪ জন ডাক্তার আছে। ২৫ জন নার্স আছে। ৩য় ও ৪ র্থ শ্রেণির জনবলের সংকট আছে। এছাড়া গাড়ি রাখার গ্যাজের নির্মাণস্থলে ০২টি ঝুকিপূর্ণ গাছ আছে। এ গাছ দুটি অপসারণ করা প্রয়োজন। | ক) বামনা স্বাস্থ্য কমপ্লেক্স এর সেবার মান ও রোগীদের সুবিধাদি বৃদ্ধির লক্ষ্যে জরুরী বিভাগ সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং<br>খ) হাসপাতালের মধ্যে গাড়ির গ্যারেজ নির্মাণস্থলের গাছ দ্রুত অপসারণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফপিসি বনকে যথাযথ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | **(১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ**<br>**(২) উপজেলা নির্বাহী অফিসার**<br>**(৩) উপজেলা প্রকৌশলী**<br>**(৪) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা** |
| ০৮. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ঈদ-উল ফিতরের পূর্বে ২০০ জন কৃষকদের মাঝে আউশ ও কৃষি প্রণোদনা বিতরণ করা হয়েছে। এজন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানবৃন্দ ও অন্যান্য সকলকে ধন্যবাদ জানান। বিভাগের স্বাভাবিক কার্যক্রম চলমান। গত মাসের ১৮ তারিখ জেলা সার বীজ মনিটরিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মিটিং করা হয়েছে। বামনা ০৪টি ইউনিয়নের মধ্যে ০২টি ইউনিয়ন বুকাবুনিয়া ও রামনায় বিসিআইসি ডিলার ছিলনা। বিসিআইসি ডিলার নিয়োগ দেওয়ার জন্য মিটিং করে পত্রিকায় বিজ্ঞপ্তি ও ব্যাপক প্রচার প্রচারণা করা হয়েছে এবং সংশ্লিষ্ট ০২টি ইউনিয়নে মাইকিং করা হয়েছে। রামনা ইউনিয়ন থেকে দুইটি আবেদন পাওয়া গেছে। বুকাবুনিয়া ইউনিয়ন থেকে কোন আবেদন পাওয়া যায় নি। আগামী মাসের ২৩ তারিখে জেলা সার বীজ মনিটরিং কমিটির মিটিং রয়েছে। এজন্য উপজেলা থেকে মিটিং করে মিটিং এর কার্যবিবরণী প্রেরণের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | রামনা ও বুকাবুনিয়া ইউনিয়নের সারের ডিলাব নিয়োগের লক্ষ্যে প্রাপ্ত আবেদনপত্র দুটি সুপারিশ সহকারে জেলা প্রশাসক বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | **সভায় উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে,** আমাদের ই রেজিষ্টারের কার্যক্রম চলমান আছে। আমরা ম্যানুয়াল পদ্ধতিতে রেজিষ্ট্রেশন করছি না সম্পূর্ণ ট্যাবের মাধ্যমে রেজিষ্ট্রেশন করছি। এটি অধিদপ্তরের সাথে সরাসরি সংযুক্ত। ডৌয়াতলা ও রামনা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর নির্মাণের বরাদ্দ পাওয়া গিয়েছে। ঠিকাদার নিয়োগ হয়েছে দ্রুত কাজ শুরু হবে।<br>প্রসংগত সভাপতি জানান যে, সরকারের পরিকল্পনা অনুযায়ী ডৌয়াতলা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সামনের রোডটি ৬০ ফুট চওড়া হবে। এক্ষেত্রে সীমানা প্রাচীর এমনভাবে করেন যেন ৬০ ফুট এর মধ্যে না আসে। তা নাহলে রাস্তা বড় হলে আবার সীমানা প্রাচীর ভাঙ্গতে হবে। | ক) প্রাক্কলন মোতাবেক সীমানা প্রাচীর নির্মাণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার/কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়।<br>খ) ডৌয়াতলা ইউনিয়নের স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের সীমানা প্রাচীর নির্মাণের ক্ষেত্রে ভবিষ্যতে রাস্তা প্রশস্তকরণের পরিকল্পনার বিষয়টি বিবেচনায় নিয়ে তদানুযায়ী কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১০. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | সভায় উপজেলা প্রাণিসম্পদ **কর্মকর্তা জানান যে,** আমাদের অফিসের মধ্যে দোকানদারা ঔষধের প্যাকেটসহ ময়লা ফেলে স্তুপ করে রেখেছে। ওয়ালের পাশে একটি লোহার সিড়ি আছে বিল্ডিং এর দোতালায় উঠার জন্য ওখানে উঠে সবাই ময়লা ফেলে। এজন্য বাজার কমিটির লোকদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া অফিসের মধ্যে ০২টি পরিত্যাক্ত ভবন আছে যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। এ ভবন দুটি অপসারণ করা প্রয়োজন। পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে পশু গণনার কাজ শুরু হয়েছে। চলতি মাসের মধ্যে গণনার কাজ শেষ হবে। গত বছরের ন্যায় দেশীয় গরু দিয়ে কোরবানী করা সম্ভব হবে। বিদেশ থেকে গরু আমদানী করতে হবে না। | ক) এডিবিতে প্রস্তাবকৃত রি-সাইকিলিংবিন তৈরির স্কীম অবিলম্বে বাস্তবায়নের মাধ্যমে সাহেব বাড়ি বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে;<br>খ) প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রস্তাবিত ০২টি পরিত্যাক্ত ভবন অপসারণের লক্ষ্যে বিধিমোতাবেক কনডেমনেশন কমিটির মাধ্যমে প্রস্তাব প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা<br>৩। উপজেলা প্রকৌশলী |

<table>
<tr><td></td><td></td><td>এছাড়া কোরবানী উপলক্ষে অসাধু ব্যবসায়ী অবৈধ ঔষধ ব্যবহার করেন গরুকে কৃত্রিম উপায়ে মোটা করার জন্য। এক্ষেত্রে আমাদের নজরদারী চলমান আছে। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে অপারাধীদের আইনের আওতায় আনা হবে।</td><td></td><td></td></tr>
<tr><td>১১.</td><td>উপজেলা মৎস্য বিভাগ</td><td>মৎস্য কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। পাশাপাশি আমাদের ইলিশ প্রকল্প থেকে ১০ জন নিবন্ধিত মৎস্যজীবীদের বকনা গরু প্রদান করা হবে। উক্ত বকনা গরু প্রদান ও দেশীয় প্রকল্পের আওতায় ০৫ জন করে প্রত্যেককে ০২টি করে ছাগল ও ৫ জনকে একটি করে ভ্যান বিকল্প কর্মসংস্থানের জন্য প্রদান করা হবে। এজন্য মাননীয় সংসদ সদস্যের সানুগ্রহ উপস্থিতি কামনা করা হয়। আগামী ২০ মে থকে ২৩ জুলাই ৬৫ দিন সকল প্রকার নৌযান দিয়ে মাছ আহরণ নিষিদ্ধ। বুকাবুনিয়া, রামনা ও ডৌয়াতলা ইউনিয়নের চেয়ারম্যান সমুদ্রের মাছ আহরণের ক্ষেত্রে মৎস্যজীবীদের ৬৫ দিন বিরত থাকার বিষয় অবহিত করার জন্য অনুরোধ জানান। এছাড়া বামনা উপজেলায় ১৭৭৫ জন নিবন্ধিত মৎস্যজীবী আছে। এর মধ্যে ৯৫০ জনে চাল পাচ্ছে। অর্ধেকে চাল পাচ্ছে না। মাননীয় সংসদ সদস্যের মাধ্যমে শতভাগ মৎস্যজীবী যাতে খাদ্য সহায়তা পায় এজন্য সদয় বিবেচনার জন্য অনুরোধ জানান।</td><td>ক) মৎস্যজীবীদের মাঝে গরু, ছাগল ও ভ্যান বিতরণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের উপস্থিতি নিশ্চিত করার জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে; এবং<br>খ) ২০ মে – ২৩ জুলাই/২০২২ পর্যন্ত মৎস্য আহরণ নিষিদ্ধ কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় আইনি সহায়তা প্রদান অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা মৎস্য অফিসার, বামনা</td></tr>
<tr><td>১২.</td><td>উপজেলা শিক্ষা বিভাগ</td><td>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী শিক্ষার প্রতি অত্যন্ত নিবেদিত। প্রাথমিক শিক্ষাকে ঢেলে সাজাতে সকল উদ্যোগ সরকার গ্রহণ করেছেন। বামনা উপজেলার সরকার নির্ধারিত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। আমাদের শিক্ষক সংকট রয়েছে। শীঘ্রই শিক্ষক নিয়োগ সম্পন্ন হবে বিধায় অবিলম্বে শিক্ষক সংকট নিরসন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।</td><td>ক) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে।<br>খ) নব নিয়োগপ্রাপ্ত শিক্ষক পদায়নের জন্য চাহিদা প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>১)উপজেলা শিক্ষা অফিসার<br>২) উপজেলা প্রকৌশলী</td></tr>
<tr><td>১৩.</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বাংলাদেশে ৬২টি শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত নতুন কারিকুলামে পাঠদান চলছে। বামনা উপজেলায় লক্ষ্মীপুরা মাদরাসা মডেল হিসেবে পাঠদান চলছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। গতকাল উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে জাতীয় শিক্ষা সপ্তাহ সমাপ্ত করেছি। শীঘ্রই UGDP এর প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হবে।</td><td>ক) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে।<br>খ) মাধ্যমিক শিক্ষকদের UGDP এর প্রশিক্ষণ কার্যক্রম অবিলম্বে সম্পন্ন করতে হবে।</td><td>ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>খ) উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>১৪.</td><td>উপজেলা সমাজ সেবা বিভাগ</td><td>সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা ঈদের আগের পেরোল প্রদান করা হয়েছে। কারিগরি ত্রুটির কারণে সকলকে ভাতার টাকা প্রদান করতে পারেনি। যারা ঈদের পূর্বে টাকা পায়নি তারা এখন টাকা পাচ্ছে। এ উপজেলা সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় কর্মসূচি নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>ক্যাটাগরী</th><th>সংখ্যা/পরিমাণ</th></tr>
<tr><td>০১</td><td>বয়স্ক ভাতাভোগী</td><td>৪৭০৮</td></tr>
<tr><td>০২</td><td>বিধবা ভাতাভোগী</td><td>২৭২২</td></tr>
<tr><td>০৩</td><td>প্রতিবন্ধী ভাতাভোগী</td><td>১৩০৪</td></tr>
<tr><td colspan="2">মোট =</td><td>৮৭৩৪</td></tr>
</table>
উক্ত ভাতাভোগীর মধ্যে ১৬৮ জন, বিধবা ৭২ জন, প্রতিবন্ধী ৩০জনসহ মোট= ২৭০ জন এখন পর্যন্ত কোন টাকা পায় নি। গত দুই দিন আগে বাংলাদেশ ব্যাংক থেকে জানানো হয়েছে৷ এই ২৭০ জন ভাতাভোগী কোন টাকা</td><td>ক) বামনা উপজেলার সকলভাতাভোগীকে ১০০% এর আওতায় নিয়ে আসার জন্য সমাজসেবা অফিসার একটি সংক্ষিপ্তসার প্রণয়নকরতঃ মাননীয় সংসদ সদস্য এর সরকারি পত্র মারফত প্রস্তাব প্রেরণ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।<br>খ) মাননীয় সংসদ সদস্য মহোদয়ের আধা সরকারি পত্র প্রেরণের পর ভাতাভোগী ১০০% নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাবহ রাখতে হবে।</td><td>উপজেলা সমাজ সেবা অফিসার</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | পায় নি। তাদের বিকাশ জনিত বা একাউন্ট জনিত সমস্যার কারনে তারা টাকা পায়নি। তাদের সমস্যা চিহ্নিত করা গেলে টাকা প্রদান করা সম্ভব হবে। আগে ৫৭২ জন ভাতাভোগী বয়স্ক ভাতা পাইনি এ থেকে এখন ১৬৮ জনে নেমে আসছে। আমরা সমস্যা সমাধান করার চেষ্টা করছি। এ উপজেলায় কোন ভাতাভোগী যাতে ভাতা থেকে বঞ্চিত না হয়। নতুন ধাপে যাওয়ার কারণে আমাদের এই সমস্যাগুলো হচ্ছে।<br>প্রসংগত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য এর গত বছরের ১০০% ভাতাভোগী এর আওতায় ছিল কিনা জিজ্ঞাসার প্রেক্ষিতে সমাজসেবা অফিসার বলেন যে, ১০০% ছিল কিন্তু বরাদ্দ কিছু কম ছিল। ১০০% নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয় এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে একটি সংক্ষিপ্তসারে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের আধা সরকারি পত্র মারফত প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৫. | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | **সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উল্লেখ করেন** যে, দীর্ঘদিন অফিস সংস্কার ও মেরামতের অভাবে ছাদ দিয়ে বর্ষা মৌসুমে পানি পড়ে। অফিসের নথি পত্র বিনষ্ট হয়। এজন্য অবিলম্বে পুরাতন উপজেলা পরিষদ ভবন মেরামত প্রয়োজন। ২০২১-২০২২ অর্থ বছরের ভিজিডি কার্যক্রম শেষ পর্যায়ে। জুলাই আগস্ট মাসে ২০২২-২০২৩ অর্থ বছরের ভিজিডি কার্যক্রম শুরু হবে। গত জুলাই থেকে মাতৃত্বকালীনভাতা বন্ধ আছে। আগামী জুলাই মাসে বরাদ্দ পাওয়া যাবে। এছাড়া আইজিএ প্রকল্পে ০৩ মাস পর পর দুটি ব্যাচে এখন ১০০ প্রশিক্ষণার্থীরে প্রশিক্ষণ দেওয়া হয়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | ক) উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবন অবিলম্বে মেরামত/সংস্কারের উদ্যোগ গ্রহণ করতে হবে; এবং<br>খ) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | ১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৬. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় বিভাগের প্রতিনিধি সভায় উল্লেখ করেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে হবে। | ক) উপজেলা সমবায় অফিসার |
| ১৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | **সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের প্রতিনিধি জানান হয় যে,** ২০২১-২২ অর্থ বছরে টিআর কাবিটার ১ম পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। ৪০ দিনকর্মসূচির বিল শ্রীঘ্রই মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পাওয়া যাবে। ইতোমধ্যে টিআর, কাবিটার ২য় ও কোন কোন ক্ষেত্রে ৩য় কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে। অবিলম্বে স্কীম/প্রকল্প প্রস্তাব পাওয়া প্রয়োজন।<br>এছাড়া বীর মুক্তিযোদ্ধাদের জন্য ২৪টি 'বীর নিবাস' নির্বাচনের দরপত্র আহ্বান করা হয়েছে। ০৬টি করে ০৪টি প্যাকেজে দরপত্র আহ্বান করতঃ যথাযথভাবে কাজ বাস্তবায়ন করতে হবে। | ক) টি.আর, কাবিটা/কাবিখা ও ৪০ দিনসহ সকল বরাদ্দের অনুকূলে বিভাজন অনুযায়ী স্কীম/প্রকল্প প্রস্তাবনা দাখিলের জন্য পুনরায় তাগিদ প্রদান করতে হবে; এবং<br>খ) ২৪ টি 'বীর নিবাস' নির্মাণের কার্যক্রমের টেন্ডার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলানির্বাহী অফিসার<br>(৩) উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১৮. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,** যুব প্রশিক্ষণ (মৎস্য চাষ, হাঁস-মুরগী, গবাদী পশু পালন) ও ঋণ কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর মত চলছে। | বিভাগীয় কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, ইউরোসপো প্রকল্পের ০৫ (পাঁচ)বছর মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। এ প্রকল্পের আওতায় গ্রামীণ পর্যায়ে পিছিয়ে পড়া নারী ও শিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলার নিমিত্ত রামনা শের-ই-বাংলা মাধ্যমিক বিদ্যালয় ও আসমাতুন্নেসা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় নির্বাচন করা হয়েছে। প্রকল্পের লক্ষ্য অনুযায়ী কিশোরিদের বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়েছে। প্রশিক্ষণ** কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | **ইউরোসপো প্রকল্পের আওতায় প্রশিক্ষণ** কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার,<br>২।উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০. | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, জানান যে,** গত ০৪ এপ্রিল ২০২২ এককনেকে একটি নতুন প্রকল্প অনুমোদিত হয় যেখানে বৃষ্টির পানিসহ ভূপৃষ্ঠস্থ পানি সংরক্ষণসহ পুকুর, নদী বা খাল খনন করা যাবে। প্রকল্পের লক্ষ্য অনুযায়ী লবনাক্ত এলাকা বিশেষত ডৌয়াতলার কিছু অংশ এবং বুকাবুনিয়ার কিছু অংশে বৃষ্টির পানি সংরক্ষণসহ পুকুর, নদী বা খাল খনন করা যাবে। এমতাবস্থায়, জেলা পরিষদ, স্কুল, কলেজ বা অন্যান্য প্রতিষ্ঠানের আওতায় সরকারি খাস পুকুর চিহ্নিত করে অবিলম্বে বৃষ্টির পানি সংরক্ষণসহ নদী বা খাল খননের প্রস্তাব প্রেরণ করা প্রয়োজন। | জেলা পরিষদের আওতাধীন সরকারি খাস পুকুরসহ স্কুল, কলেজ ও অন্যান্য প্রতিষ্ঠান পরিচালিত খাস পুকুর চিহ্নিত করতঃ নির্ধারিত ছকে বৃষ্টির পানি সংরক্ষণসহ নদী বা খাল খননের প্রস্তাব প্রেরণ করতে হবে। | (১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>(২) উপজেলা নির্বাহী অফিসার<br>(৩)উপ-সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী<br>(৪) সংশ্লিষ্ট ঠিকাদার |
| ২১. | ভারপ্রাপ্তকর্মকর্তাএসএফপিসি বনবিভাগ | **ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফপিসি বন জানান যে,** বামনা উপজেলা চিত্তবিনোদনের কোন জায়গা নেই। পার্শ্ববর্তী উপজেলা হরিনঘাটা বন বিভাগের মধ্যে মিনি পার্ক আছে। বামনাতে চিত্তবিনোদনের জন্য মিনি পার্কের ব্যবস্থা করার জন্য সভার উপদেষ্টা জনাব শওকত হাচানুর রহমান রিমন, মাননীয় সংসদ সদস্যকে অনুরোধ জানান। বামনা লঞ্চঘাট থেকে পুরাতন বামনা পর্যন্ত জায়গায় মিনি পার্ক করা যেতে পারে। এছাড়া রুহিতার চরে উন্নয়ন করে ম্যানগ্রোভ বাগান করে ভবিষ্যতে পদক্ষেপ গ্রহণ করে পার্ক করা যেতে পারে।<br>প্রসংগত সভাপতি সভায় বলেন যে, অযোধ্যা থেকে পূর্ব সফিপুর পর্যন্ত বিশাল ভূখন্ড এখানে পদক্ষেপ নেয়া যেতে পারে।<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, রামনা ইউনিয়নে যখন গাছের টেন্ডার হয়েছে সেখানে গাছ পালা উজার করে ফেলছেন। ছোট ছোট গাছ বাদ দিয়ে পাকা পোক্ত গাছগুলোকে মার্কিং করার জন্য বলা হয় তা নাহলে যেকোন প্রকার দুর্যোগ আসলে রাস্তাও থাকবে না। টেন্ডার দেওয়ার সময় বড় বয়স্ক গাছ মার্কিং করে দেওয়ার জন্য বলা হয়।<br>এছাড়া উত্তর রামনায় যাওয়ার জন্য রাস্তা একদম সংযোগস্থলে ভাঙ্গন চলে এসেছে। সামনের যেকোন দুর্যোগ হলে ওই জায়গাটা ভেঙ্গে গিয়ে রামনা ও ডৌয়াতলা ইউনিয়ন প্লাবিত হয়ে যাবে। | ক) গাছ টেন্ডারে নিলামে বিক্রয়ের ক্ষেত্রে কেবলমাত্র গোক্ত গাছ বিবেচনায় নিয়ে কার্যক্রম বাস্তবায়নের আরও তৎপর ও যত্নবান হবে;<br>খ) উত্তর রামনায় ভাঙ্গন সংলগ্ন এলাকা সুরক্ষার জন্য অবিলম্বে পানি উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ অব্যাহত রেখে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | (১) বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, পটুয়াখালী<br>**(২) উজেলা নির্বাহী অফিসার, ও সভাপতি, উপজেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটি, বামনা।** |
| ২২. | উপজেলা হিসাবরক্ষণ বিভাগ | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, অফিসিয়াল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। অত্র অফিস থেকে বামনা উপজেলা ১২০০ কর্মকর্তা/কর্মচারীর বেতন ভাতাদি দেওয়া হয়। সময়মত দাপ্তরিক সেবা প্রদানের স্বার্থে উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য ১১০ বরগুনা -২ এর নিকট ভালে মানের ল্যাপটপ প্রদানের অনুরোধ জানান। | ক) উপজেলা হিসাবরক্ষণ অফিসকে ৫০,০০০/- টাকার একটি উন্নত ও আধুনিক মানের ল্যাপটপ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং<br>খ) বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে অব্যাহত রাখতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা |
| ২৩. | উপজেলা আনসার ভিডিপি অফিস | সভায় উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, সরকারি কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। আনসার ব্যারাক নির্মাণের কার্যক্রম দুত বাস্তবায়ন করা দরকার। | বিভাগীয় কার্যক্রম যথাযথ বাস্তবায়ন করতে হবে এবং আনসার ব্যারাক নির্মাণের কার্যক্রম মনিটরিং নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা প্রকৌশলী, বামনা।<br>৩। উপজেলা আনসার ভিডিপি অফিসার |
| ২৪. | উপজেলা খাদ্য বিভাগ | **সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে,** সরকারি স্বাভাবিক কার্যক্রম চলমান। বিগত মার্চ-এপ্রিল মাসের খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ১০ টাকা কেজি ধরে চালের যে বরাদ্দ ছিল উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে উপকারভোগীরদের মাঝে পৌঁছে দিতে পেরেছি। এছাড়া মৎস্য বিভাগের জেলেদের কিছু ভিজিএফ চাল বিতরণ করা হয়নি খাদ্য গুদামে সংরক্ষিত আছে। দুত এ | ক) মৎস্যজীবিদের ভিজিএফ চাল দুত বিতরণ নিশ্চিত করতে হবে; এবং<br>খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অবিলম্বে সাইলো বিতরণের মাস্টার রোল দুত প্রেরণ নিশ্চিত করবে। | ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বামনা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ভিজিএফ চাল বিতরণ করা প্রয়োজন। দীর্ঘ দিন চাল মুজদ থাকলে তা নষ্ট হয়ে যাবে। গত ৩ মাস পূর্বে পারিবারিক সাইলো বিতরণ করা হয়েছে তার মাস্টার রোল এখন পর্যন্ত পাওয়া যায়নি। এজন্য সংশ্লিষ্ট চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| ২৫. | উপজেলা দারিদ্র বিমোচন অফিস | **উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান যে,** সরকারি স্বাভাবিক কার্যক্রম চলমান। এটি একটি ঋণ দানকারী প্রতিষ্ঠান। বামনা উপজেলা লক্ষ্যমাত্রার বিপরীতে ৮৩% অর্জন হয়েছে। আগামী ২ মাসের মধ্যে ১০০% অর্জন সক্ষম হবো। | সরকারি নির্দেশনা মোতাবেক বিতরণকৃত ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | **উপজেলা দারিদ্র বিমোচন অফিসার** |
| ২৬. | **ইন্সট্রাক্টর ইউআরসি** | **ইন্সট্রাক্টর ইউআরসি সভায় জানান যে,** ইউআরসি অফিসের সামনে একটি ডোবা আছে। জোয়ারের পানি প্রবেশ করে। রিং দিয়ে বালু অথবা মাটি দিয়ে ডোবাটি ভরাট করা প্রয়োজন। | ইউআরসি অফিসের সামনের ডোবাটি স্কীম নিয়ে ভরাট করা যেতে পারে। | **ইন্সট্রাক্টর, ইউআরসি** |
| ২৭. | **আমার বাড়ি আমার খামার ও পল্লী সংঞ্চয় ব্যাংক** | **সভায় ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে,** বিভাগীয় বামনা উপজেলায় একটি বাড়ি একটি খামারে মোট সমিতি হলো ১১৬, মোট সদস্য হলো ৬৫০০জন, ঋণ দেওয়া হয়েছে ৪৬৬২ জনকে মোট ঋণের পরিমাণ সাড়ে ১১ কোটি টাকা। ২০২১-২০২২ অর্থ বছরে যে লক্ষ্য মাত্রা ছিল তা ১০০% আছে। ইতোপূর্বে বামনা কোভিড-১৯ এ ৭০ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছে। এছাড়া কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে অব্যাহত রাখতে হবে। | **১। উপজেলা নির্বাহী অফিসার**<br>**২।ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক** |
| ২৮. | তথ্য আপা | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় জানান যে, উঠান বৈঠকসহ সরকারি দাপ্তরিক কার্যক্রম যথারীতি চলমান। | **উঠান বৈঠক সফল করার জন্য জনপ্রতিনিধিদের সম্পৃক্ততা আরও ফলপ্রসু করতে হবে।** | ১। উপজেলানির্বাহী অফিসার<br>২। তথ্য আপা |
| ২৯ | উপজেলা পল্লী বিদ্যুৎ বিভাগ | গত সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের সহকারী ব্যবস্থাপক (বামনা) জানান যে, পল্লী বিদ্যুতের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। আগামী মাসে যেহেতু অর্থ বছর শেষ হয়ে যাবে এজন্য বকেয়া আদায়ের কার্যক্রম চলমান আছে। এক্ষেত্রে সকলে সহযোগিতা কামনা করা হয়। | ক) উপজেলা পরিষদের কোয়ার্টারের বকেয়া বিদ্যুৎ বিল সংশ্লিষ্ট কোয়ার্টারের এলোটিবৃন্দ এবং সংস্থা/বিভাগের বকেয়া বিল সংশ্লিষ্ট বিভাগ অবিলম্বে পরিশোধের উদ্যোগ গ্রহণ করবে। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ বিভাগ, বামনা |
| ৩০. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ইউডিএফ সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকেল্পর আওতায় অনুমোদিত ০৪টি স্কীম/প্রকল্পের দরপত্র আহ্বান ও মূল্যায়ন করা হয়েছে। শিঘ্রই কাজ শুরু হবে। সক্ষমতা উন্নয়নে ১০ লক্ষ টাকার ০৮টি প্রশিক্ষণ ছিল এর মধ্যে ৫টি শেষ করেছি। অবশিষ্ট ৩টি প্রশিক্ষণ রয়েছে জুন মাসের আগেই শেষ করবো। যে সকল দপ্তরের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে সে সকল দপ্তরের দপ্তর প্রধানগণ অবিলম্বে বিল ভাউচার সমন্বয় করবেন। | সংশ্লিষ্ট দপ্তরের দপ্তর প্রধানবৃন্দ প্রশিক্ষণ কর্মশালার বিল ভাউচার সমন্বয় করবেন। | (১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২) ইউডিএফ, ইউজিডিপি |
| ৩১. | পানি উন্নয়ন বোর্ড | পানি উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি সভায় জানান যে, স্লুইজ গেইটসমূহের রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের নিকট হতে সমন্বিতভাবে প্রস্তাব পাওয়া দরকার। | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ তার স্ব স্ব অধিক্ষেত্রের স্লুইজ গেইটের সংখ্যা নির্ধারণপূর্বক অবিলম্বে কমিটি গঠনকরতঃ উপজেলা পরিষদকে অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২. | বিএডিসি সেচ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, এসএসিপি প্রকল্প চালু আছে। এ প্রকল্পে খাল পুনঃখনন, ভূগর্ভস্থ সেচনালা ও বক্সকালভাট করা হয়। দীর্ঘ দিন বামনাতে অফিসার না থাকায় কাজ অনেকটা পিছিয়ে পড়েছে। গত বছরের কিছু কাজ শুরু করা হয়েছে। ডৌয়াতলা ইউনিয়নের ০২টি ছোট | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে অব্যাহত রাখতে হবে। | উপসহকারী প্রকৌশলী বিএডিসি সেচ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউড্রেনের কাজ শুরু হয়েছে। এছাড়া বড়যাদবপুরা বীজ সংরক্ষণের জন্য একটি গোডাউন করা হয়েছে। বোরো ধানের জন্য পানি লাগবে এরকম খাল থাকলে আমারা খনন করে দিতে পারবো। | | |
| ৩৩. | পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, আসছে আগামী ১৫-২১ জুন বাংলাদেশে প্রথম ডিজিটাল পদ্ধতিতে শুমারি হতে যাচ্ছে। শুমারিতে বাংলাদেশে ৪ লক্ষ ট্যাবের মাধ্যমে ৪ লক্ষ গণনাকারী ট্যাবের জিপিএস এর মাধ্যমে কাজ করবে। ব্যাপক প্রচার প্রচারণার মাধ্যমে শুমারি কাজ করা হবে এবং গরুত্বপূর্ণ স্থানে ব্যানার ফেস্টুন থাকবে। | ব্যাপক প্রচার প্রচারণার মাধ্যমে আদম শুমারির কাজ বাস্তবায়ন করতে হবে। | (১) উপজেলা নির্বাহী অফিসার<br>(২) উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ৩৪. | | সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা | | |
| ৩৫. | | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা | | |
| ৩৬. | বিবিধ | | | |

৩। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০৫/২০২২

(মোঃ সাইতুল ইসলাম লিটু)
চেয়ারম্যান
উপজেলাপরিষদ
বামনা, বরগুনা।

স্মারক নং-০৫.১০.০৪১৯.০০৩.০৬.০০৩.২২-১৯৪ তারিখ: ১৯-০৫-২০২২ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। জনাব শওকত হাচানুর রহমান রিমন, মাননীয় সংসদ সদস্য, ১১০-বরগুনা-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, বামনা, বরগুনা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৫। জেলা প্রশাসক, বরগুনা।
৬। উপজেলা ........................................................ কর্মকর্তা, বামনা, বরগুনা।
৭। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বামনা, বরগুনা (তাঁকে সভার কার্যবিবরণী উপজেলার ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয়ব্যবস্থাগ্রহণেরঅনুরোধসহ)।
৮। চেয়ারম্যান, বুকাবুনিয়া/বামনা/রামনা/ডৌয়াতলা ইউনিয়ন পরিষদ, বামনা, বরগুনা।
৯। জনাব ...........................................................

১৯/০৫/২০২২
(বিবেক সরকার)
মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
বামনা, বরগুনা।